

## প্রেস রিলিজ


অদ্য ২২ শে অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ-এ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সার্জারী বিভাগ ও রেডিওথেরাপী বিভাগ এর যৌথ উদ্যোগে “স্তন ক্যান্সার সচেতনতা মাস” উপলক্ষ্যে বর্নাত্য র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়।

উক্ত আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মাননীয় সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার। আলোচনায় আরো অংশগ্রহণ করেন, ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজমুল হক, পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, অধ্যাপক ডাঃ মোঃ শফিকুল আলম চৌধুরী, উপাধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, অধ্যাপক ডাঃ মোঃ রোবেদ আমিন, লাইন ডাইরেক্টর, এনসিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, অধ্যাপক ডাঃ দেবেশ চন্দ্র তালুকদার, সভাপতি, শিক্ষক সমিতি, ঢাকা মেডিকেল কলেজ, অধ্যাপক ডাঃ শাহরিয়ার নবী শাকিল, ডিন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, অধ্যাপক ডাঃ সালমা সুলতানা, বিভাগীয় প্রধান, সার্জারী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, অধ্যাপক ডাঃ আলীয়া শাহনাজ, বিভাগীয় প্রধান, রেডিওথেরাপী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।

আলোচনা সভায় স্তন ক্যান্সার এর ভয়াবহতা ও বাংলাদেশের পরিস্থিতি এবং স্তন ক্যান্সারের আধুনিক চিকিৎসা সম্পর্কে ০২ (দুই) টি বৈজ্ঞানিক প্রবন্ধ পাঠ করা হয়। আলোচনায় আলোকপাত করা হয় যে, স্তন ক্যান্সার রোগীদের মধ্যে অন্যতম প্রধানতম ক্যান্সার এবং প্রতিবছর ১৩০০০ নতুন রোগী সনাক্ত হয়। যার মধ্যে ৫০% এর বেশী মৃত্যুবরণ করেন। এই রোগের উপসর্গ সমূহ একটু দেরীতে প্রকাশ পায় বলে রোগ নিরূপনে দেরী হয়ে যায়। তাই এই রোগে মৃত্যুর হার কমাতে হলে প্রাথমিক পর্যায়েই স্ক্রিনিং করা প্রয়োজন। এই প্রেক্ষিতে জাতীয় পর্যায়ে “ব্রেস্ট ক্যান্সার স্ক্রিনিং প্রোগ্রাম” এবং প্রটকল প্রণয়ন করা যেতে পারে, যাতে প্রান্তিক জনগণকে এই স্ক্রিনিং সেবা প্রদান করা যায়।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় সচিব, আশ্বাস প্রদান করেন এই যে, স্ক্রিনিং সেবা চালু করা ও নারী কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের যৌথ পকিল্পনায় স্তন ক্যান্সার সচেতনতায় বিভিন্ন উদ্যোগ নেয়ার পরিকল্পনার আশ্বাস প্রদান করেন।

“স্তন ক্যান্সার সচেতনতা মাস” উপলক্ষ্যে স্তন ক্যান্সার প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

  
ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নাজমুল হক  
পরিচালক  
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।